

ঢাকা ওয়াসা

বিষয়ঃ ঢাকা ওয়াসায় ডে-কেয়ার সেন্টার পরিচালনা কমিটির ৩০.০৪.২০২৬ তারিখের কমিটির সভার কার্যবিবরণী অনুমোদন প্রসঙ্গে।

১০। পত্র ক্রমিক নং-২৫ এ রক্ষিত ডে-কেয়ার সেন্টার পরিচালনা কমিটির সভার কার্যবিবরণী সদয় দেখা যেতে পারে। সভার আলোচনা ও সিদ্ধান্ত নিম্নে দেওয়া হলো।

আলোচনাঃ

- সভার আলোচনা হয় যে, ডে-কেয়ার সেন্টারের দৈনন্দিন রক্ষণাবেক্ষণ, শিশুদের পুষ্টি ও নিরাপত্তার জন্য একটি নির্দিষ্ট তহবিল থাকা আবশ্যিক। এ প্রেক্ষিতে সেন্টারের সুষ্ঠু কার্যক্রম পরিচালনার জন্য বার্ষিক বাজেটে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের প্রস্তাবনা পেশ করা এবং অনুমোদিত বাজেট অনুযায়ী নিয়মিত ব্যয় নির্বাহ করা প্রয়োজন।
- সভায় শিশুদের স্বাস্থ্য সুরক্ষায় বাড়তি সতর্কতা অবলম্বনের সুবিধার্থে এবং ডে-কেয়ার সেন্টারের সীমাবদ্ধতার কারণে বর্তমান সেবা তালিকা থেকে গোসলের অপশনটি বাদ দেওয়ার বিষয়ে আলোচনা হয়। এখন থেকে সেন্টারে শিশুদের পরিষ্কার-পরিচ্ছন্নতার অন্যান্য সুবিধা থাকলেও গোসল করানোর বিষয়টি ডে-কেয়ার সেন্টারের ব্যবস্থাপনার আওতাধীন না রাখার বিষয়ে উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন।
- সেন্টারের সেবার মান বাড়াতে অভিজ্ঞ জনবল প্রয়োজন। সভায় আলোচনা হয় যে, সরকারি বিধিবিধান ও ঢাকা ওয়াসার নীতিমালা অনুসরণ করে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় দক্ষ জনবল সম্পূর্ণ 'চুক্তিভিত্তিক' পদ্ধতিতে নিয়োগ প্রদান করা যেতে পারে।
- ডে-কেয়ার সেন্টারে একটি শিশুবান্ধব এবং অন্তর্ভুক্তিমূলক পরিবেশ নিশ্চিত করতে GESI (Gender Equality and Social Inclusion) বা জেন্ডার ফোকাল পয়েন্টের সদস্যদের কমিটিতে অন্তর্ভুক্ত করার বিষয়ে আলোচনা হয়। এবং এ বিষয়ে উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন।
- সভায় ডে-কেয়ার সেন্টারে আধুনিক প্রযুক্তি ব্যবহারের ওপর বিশেষ গুরুত্বারোপ করা হয়। শিশুদের উপস্থিতি নিশ্চিত করা এবং অভিভাবকদের আস্থার পরিবেশ তৈরিতে দ্রুততম সময়ের মধ্যে 'স্মার্ট কার্ড সিস্টেম' অথবা একটি নির্দিষ্ট 'ম্যানেজমেন্ট সফটওয়্যার' চালুর বিষয়ে আইটি বিভাগের সাথে সমন্বয় করার বিষয়ে আলোচনা হয়।
- সেন্টারের কর্মকর্তাদের সাথে অভিভাবকদের সার্বক্ষণিক যোগাযোগ এবং জরুরি তথ্যের তাৎক্ষণিক আদান-প্রদান নিশ্চিত করতে একটি অফিশিয়াল 'WhatsApp Group' খোলার বিষয়ে আলোচনা হয়। উক্ত গ্রুপের মাধ্যমে শিশুদের প্রতিদিনের অবস্থা ও সেন্টারের নোটিশ নিয়মিত আপডেট করা যেতে পারে।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

- ১। ডে-কেয়ার সেন্টার পরিচালনার জন্য প্রয়োজনীয় বাজেট বরাদ্দ রাখতে হবে।
- ২। গোসল এর অপশন বাদ দিতে হবে।
- ৩। চুক্তিভিত্তিক এর মাধ্যমে প্রয়োজনীয় জনবল নিয়োগ দিতে হবে।
- ৪। GESI/জেন্ডারের ফোকাল পয়েন্ট এর সদস্য ডে-কেয়ার সেন্টার এর কমিটিতে অন্তর্ভুক্ত করতে হবে।
- ৫। কার্ড সিস্টেম করতে হবে, বা সফট ওয়্যার করতে হবে।
- ৬। WhatsApp Group করতে হবে।

স্মৃ: পৃ: ৭০

- ৮ -

১১। এমতাবস্থায়, ৩০.০৪.২০২৬ ইং তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক ডে-কেয়ার সেন্টার পরিচালনার জন্য ঢাকা ওয়াসার শ্রম ও কল্যাণ বিভাগের বাজেটে ডে-কেয়ার সেন্টার বিষয়ক বাজেটের খাত অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাব অনুমোদিত হলে পরবর্তীতে বাজেট বরাদ্দের জন্য হিসাব বিভাগে পত্র দেয়া হবে। এছাড়াও ডে-কেয়ার পরিচালনা কমিটির সম্মানী (৩০.০৪.২৬ তারিখে অনুষ্ঠিত সভাসহ) জুনিয়র সিলেকশন বোর্ডের সদস্যগণ এবং সহায়ক কর্মকর্তা ও কর্মচারীগণ প্রতি সভার জন্য যেরূপ সম্মানী পেয়ে থাকেন, এ কমিটির সদস্যগণ এবং সহায়ক কর্মকর্তা ও কর্মচারীগণও সমপরিমাণ সম্মানী প্রদান করা যেতে পারে।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

২৪/০৪/২৬

২৪/০৪/২৬

মোঃ আবু সাঈদ
অঃ সঃ কাম-ডাটা এন্ট্রি অপাঃ
শ্রম ও কল্যাণ বিভাগ
ঢাকা ওয়াসা।

২৪/০৪/২৬
AS(Len)
সহকারী সচিব
শ্রম ও কল্যাণ বিভাগ
ঢাকা ওয়াসা।

২৪/০৪/২৬
এস এম জাহাঙ্গীর হোসেন
সচিব
ঢাকা ওয়াসা।

২৪/০৪/২৬
D M S I R & S M Y
এ.কে.এ.এম. ফজলুল হক
(যুগ্মসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

২৪/০৪/২৬
মোঃ আমিনুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

২৪/০৪/২৬
AS(Len)
২৪/০৪/২৬

২৪/০৪/২৬